ঝিনাইদহে হিজড়া জনগোষ্ঠীর মধ্যে পুলিশের কম্বল বিতরণ

ঝিনাইদহে হিজড়া জনগোষ্ঠীর মধ্যে কম্বল বিতরণ করেছে জেলা পুলিশ।

সোমবার বিকালে জেলা পুলিশের আয়োজনে সদর থানা চত্বরে এ কম্বল বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে কম্বল বিতরণ করেন ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, সদর সার্কল’র অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাঈন উদ্দিন, থানার (তদন্ত) কর্মকর্তা ইমদাদুল হক, কর্মকর্তা (অপারেশন) আবুল খায়ের।

পরে ৫৫জন হিজড়া মাঝে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

কোটচাঁদপুরে ক্রিকেট খেলতে গিয়ে যুবকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্রিকেট খেলা খেলতে গিয়ে তিতাস হোসেন
(২২) নামে এক যুবকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে উপজেলার শালকুপা গ্রামে মর্মান্তিক এ ঘটনা ঘটে।

তিতাস হোসেন উপজেলার সাফদারপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা গ্রামের শুবরাত আলীর ছেলে।

স্থানীয়সূত্রে জানা যায়, রবিবার বিকালে তিতাস বন্ধুদের সাথে ক্রিকেট খেলা খেলতে পার্শ্ববর্তী শালকুপা গ্রামে যায়। এসময় খেলার

মাঠে বল করতে গিয়ে তিতাস হটাৎ মাটিতে পড়ে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত কোটচাদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে এ নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরিবারের দাবি তিতাসের হৃদরোগের সমস্যা ছিল।

এদিকে তিতাসের মৃত্যুর খবরে পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি

কোটচাঁদপুরে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪৯ তম স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে রবিবার সকালে কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে শীতকালীন এই ক্রীড়া প্রতিযোগীতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

পরে প্রতিযোগীতায় অংশগ্রহনকারী বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইন্চার্জ মাহবুবুল আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি।

শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মশিয়ার রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে এসময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মফিজুর রহমান, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের যুগ্ম আহবায়ক শহীদুজ্জামান সেলিম, পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী, কোটচাঁদপুর কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা বাহারুল ইসলাম সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা।

- কোটচাঁদপুর প্রতিনিধি

ঝিনাইদহে ‘সম্প্রীতি সংলাপ’ অনুষ্ঠিত

‘গাহি সাম্যের গান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে সম্প্রীতি সংলাপ অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে রোববার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

শোভযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে সংলাপ অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্প্রীতি সংলাপে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি সংসদ সদস্য আব্দুল হাই।

বক্তব্য রাখেন, সম্প্রীতি বাংলাদেশের আহবায়ক পীযুষ বন্দোপাধ্যায়, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, সম্প্রীতি বাংলাদেশের সদস্য সচিব অধ্যাপক ডাঃ মামুন আল মাাহতাব স্বপ্নীল, যুগ্ম আহবায়ক সাবেক সচিব নাসির উদ্দিন আহমেদ, মিহির কান্তি ঘোষ, মাওলানা মহম্মদ উল্লাহ, নারায়ন চন্দ্র বিশ্বাস, জন তালুকদার, আব্দুল হাফিজ, স্কুল ছাত্রী সানজিদা ইসলাম নুপুর,

সম্প্রীতি বাংলাদেশের জেলা আহবায়ক সাংবাদিক এম সাইফুল মাবুদ, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস ও শিক্ষিকা জয়া রানী চন্দ।

বক্তারা, প্রীতি ও সহমর্মিতার বন্ধন অটুট রেখে সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সকলকে এক সাথে কাজ করে যাওয়ার আহবান জানান।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে পলিথিন রাখার অপরাধে ব্যবসায়ীকে জরিমানা

ঝিনাইদহে পলিথিন রাখার অপরাধে দুই ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

শনিবার সন্ধ্যায় শহরের নতুন হাটখোলা বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে দুই দোকান থেকে ৪০ কেজি পলিথিন জব্দ করে।

ভ্রাম্যমান আদালতের বিচারক সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে নতুন হাটখোলার সুমন স্টোর ও মান্নান স্টোরে অভিযান চালানো হয়। এসময় তাদের দোকান থেকে ৪০ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন উদ্ধার করা হয়।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইনে সুমন স্টোরের মালিক অর্জুন বিশ্বাস ও মান্নান স্টোরের মালিক আব্দুল মান্নানকে ২ হাজার টাকা করে মোট ৪ হাজার টাকা জরিমানা করা হয়। পরে জব্দকৃত পলিথিন পুড়িয়ে ফেলা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে পুনাকের পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহে পুলিশের নারী কল্যাণ সমিতির (পুনাক) পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

রোববার বিকেলে পুলিশ লাইনসে এ কম্বল বিতরণ করা হয়।

এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, কনক কুমার দাস, তারেক আল মেহেদী, সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম, পুনাকের সভাপতি নাহিদা আফরোজ, সহ-সভাপতি লাইলা আক্তার, সাধারণ সম্পাদক রিতু দাস, কোষাধ্যক্ষ রাশেদা খানম, সদস্য সুমাইয়া সুচনা, সুলতানা পারভীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ২ শতাধিক অসহায় দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

গভীর রাতে অসহায় শীতার্তদের পাশে ঝিনাইদহের পুলিশ সুপার

দেশব্যাপী চলছে শৈত্যপ্রবাহ। প্রচন্ড শীতে কাহিল হয়ে পড়েছে জন-জীবন। বিশেষ করে চরম কষ্ট সহ্য করতে হচ্ছে ছিন্নমুল ও খেটে খাওয়া সাধারণ মানুষকে। এই তীব্র শীতে অসহায় ও দুস্থ মানুষদের একটু উষ্ণতা দিতে গভীর রাতে অসহায় ছিন্নমুল শীতার্ত মানুষের পাশে দাঁড়ালো ঝিনাইদহের পুলিশ সুপার মো: হাসানুজ্জামান (পিপিএম)।

বৃহস্পতিবার রাত ১১টার দিকে জেলার কালীগঞ্জ রেল স্টেশন, কোটচাঁদপুর রেল স্টেশনসহ বিভিন্ন স্থান ঘুরে ঘুরে ৩ শতাধিক কম্বল বিতরণ করেন তিনি।

পুলিশ সুপার হাসানুজ্জামানের আগমনে কিছুক্ষণের জন্য শীতের কষ্ট ভুলে গিয়েছিলেন ছিন্নমূল এসব মানুষ। কোনো ধরনের আনুষ্ঠানিকতা ছাড়াই পুলিশ সুপার নিজেই উপস্থিত হয়ে ছিন্নমূল নারী, পুরুষ, শিশু, বৃদ্ধদের কম্বল বিতরণ করায় অবাক হয়েছেন অনেকে। তবে কম্বল পেয়ে এসব অসহায় মানুষ ভীষণ খুশি।

সেসময় পুলিশ সুপার বলেন, শীতের কারণে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বাড়ছে ঠান্ডাজনিত রোগ-ব্যাধি। প্রচন্ড শীতের কারণে রাতে রিক্সা চালক, শ্রমিক, নিরাপত্তা প্রহরী, রেল স্টেশনে থাকা মানুষগুলো শীতে কষ্ট করেন। এরাই প্রকৃত শীতার্ত। তাদের কষ্ট কিছুটা লাঘব করার জন্য রাতে বের হওয়া।

কম্বল বিতরনের সময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামানের সাথে অতিরিক্ত পুলিশ সুপার (সদর) তারেক আল মেহেদি, কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান, কোটচাঁদপুর থানার ওসিসহ পুলিশ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

- ঝিনাইদহ প্রতিনিধি

কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় বাইসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় জাহিদুল ইসলাম (৪০) নামে এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছেন।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে পৌর শহরের রুদ্রপুর গ্রামে এ দূঘটনা ঘটে। নিহত জাহিদুল উপজেলার জগদেশপুর গ্রামের জয়নাল মন্ডলের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানাযায়, বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে জাহিদুল ইসলাম বাড়ী থেকে বাইসাইকেল যোগে কলেজ বাসষ্টান্ড এলাকায় নিজ ব্যবসা প্রতিষ্ঠানে আসছিলেন।

এসময় পিছন দিক থেকে আসা (ঝিনাইদহ-ট-১১-১৩৩৫) নাম্বারের একটি

ট্রাক তাকে সজোরে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে। এবং মাথায় গুরতর আঘাত পান।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর থানার ইন্সপেক্টর (তদন্ত) ইমরান আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলা ঘোড়শাল ইউনিয়নে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে ইউনিয়ন পরিষদে উদ্যেগে গরীব অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন, ইউপি সচিব কামরুজ্জামান, ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রণজিৎ কুমার বিশ্বাস, ইউনিয়ন পরিষদের সকল ওয়ার্ডের সদস্য বৃন্দসহ আওয়ামীলীগ,যুবলীগ, কৃষকলীগ, ছাত্রলীগের নেতাকর্মীবৃন্দ। পরে শীতার্তদের মাঝে ৪ শতাধিক কম্বল বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে জেলা পর্যায়ে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত

“অনুকরণ নয়, উদ্ভাবন” এ প্রতিপাদ্যকে সামনে নিয়ে ঝিনাইদহে নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ সমূহের জেলা পর্যায়ের ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার দুপুরে জেলা শিশু একাডেমিতে এ প্রদর্শনীর উদ্বোধন করেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম।
এ উপলক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। জেলা প্রশাসক সরোজ কুমার নাথ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক ড. আব্দুল মান্নান।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের অধ্যক্ষ মনিরুল আলম, সাবেক উপধাক্ষ্য এনএম শাহজালাল, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃপাংশু শেখর, সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক শেখ আব্দুল লতিফ, পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা. জাহিদ আহমেদ।

বক্তারা, সরকারের নাগরিক সেবা আরও সহজতর করতে প্রতিটি দপ্তরে সেবা প্রদাণের নুতন নতুন উদ্ভাবন করার আহ্বান জানান। আলোচনা সভা শেষে বিভিন্ন স্টল পরিদর্শন করেন অতিথিবৃন্দ।

দিনব্যাপী প্রদর্শনীতে জেলার ৬ টি উপজেলার বিভিন্ন দপ্তরের ১৮ টি স্টল স্থান পায়। যেখানে প্রদর্শণ করা হয় নানা ইনোভেশন মুলক কর্মকান্ড।

- ঝিনাইদহ প্রতিনিধি